

# যুগান্তর

## বিশ্ব সেরার তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রকাশ : ২৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

লন্ডনভিত্তিক শিক্ষাবিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকায় বাংলাদেশের মাত্র একটি প্রতিষ্ঠান স্থান পেয়েছে। র‍্যাংকিংয়ে থাকা ১৪০০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান পাওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান এক হাজারেরও পরে। এ ছাড়া বাংলাদেশের আর কোনো বিশ্ববিদ্যালয় এ তালিকায় স্থান পায়নি। এই তালিকার শীর্ষে রয়েছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় অবস্থানে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ইন্সটিটিউট অব টেকনোলজি ও তৃতীয় অবস্থানে আছে কেমব্রিজ বিশ্ববিদ্যালয়।

শীর্ষ দশে থাকা অন্য বিশ্ববিদ্যালয়গুলো হল- ইউনিভার্সিটি অব স্ট্যানফোর্ড, ম্যাসাচুসেটস ইন্সটিটিউট অব টেকনোলজি, ইউনিভার্সিটি অব প্রিন্সটন, ইউনিভার্সিটি অব হার্ভার্ড, ইউনিভার্সিটি অব ইয়েল, ইউনিভার্সিটি অব শিকাগো ও ইম্পেরিয়াল কলেজ লন্ডন।

বিশ্বের ৯২টি দেশের বিশ্ববিদ্যালয়গুলোর ওপর জরিপ চালিয়ে এ র‍্যাংকিং তৈরি করা হয়েছে। র‍্যাংকিংয়ে ভারতের ৩৬টি ও পাকিস্তানের সাতটি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এশিয়ার অন্য দেশগুলোর মধ্যে জাপানের ১১০টি, চীনের ৭০টি, মালয়েশিয়ার ১০টি, শ্রীলংকার দুটি, ইন্দোনেশিয়ার একটি, সিঙ্গাপুরের দুটি, সৌদি আরবের সাতটি, ইরানের ২৪টি ও তুরস্কের ৩৬টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। প্রতি বছর এ তালিকা প্রকাশ করে টাইমস হায়ার এডুকেশন। র‍্যাংকিং তৈরির পাঁচটি বিষয়কে বিবেচ্য হিসেবে ধরা হয়েছে। সেগুলো হল- পাঠদান (শিক্ষা গ্রহণের পরিবেশ), গবেষণা (পরিমাণ, আয় ও খ্যাতি), গবেষণার উদ্ভূতি, আন্তর্জাতিক অংশগ্রহণ (বিদেশি শিক্ষক, শিক্ষার্থীদের সংখ্যা ও তাদের গবেষণার সংখ্যা) ও গবেষণার আদান প্রদান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।